

207972 - নগদ অর্থের যাকাত হিসাব করার পদ্ধতি

প্রশ্ন

আমার কাছে ১০,০০০ রিয়াল আছে। এই অর্থের বর্ষপূর্তি হয়েছে। এই সম্পদে যাকাতের পরিমাণ কতটুকু?

প্রিয় উত্তর

নগদ অর্থের যাকাতের পরিমাণ হলো: চল্লিশ ভাগের এক ভাগ। সংখ্যায়: ২.৫% কিংবা এক হাজারে ২৫ রিয়াল।

নগদ অর্থের যাকাত হিসাব করার পদ্ধতি হলো: আপনি প্রতি ১০০০ রিয়ালের বিপরীতে ২৫ রিয়াল যাকাত পরিশোধ করবেন। যদি ১০,০০০ রিয়াল হয় তাহলে এর যাকাত হবে: ২৫০ রিয়াল।

আপনি যাকাত পরিশোধযোগ্য সম্পদকে ৪০ দিয়ে ভাগ করতে পারেন। এই বিভাজনের ভাগফলই আপনার উপর আবশ্যিকীয় যাকাতের অংক।

পূর্বোক্ত পদ্ধতির আলোকে আপনি যদি ১০,০০০ রিয়ালকে ৪০ দিয়ে ভাগ করেন তাহলে ভাগফল হবে ২৫০ রিয়াল। এটাই আপনার সম্পদের যাকাত।

আরও জানতে দেখুন: [2795](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞ।